যুগান্তর

তারিখ ..07 AUG 2015...
পৃষ্ঠা ...১৫... কলাম ...২...

# শিক্ষামন্ত্রীর নতুন এপিএস জাকির হোসেন

যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের নতুন এপিএস (সহকারী একান্ত সচিব) নিয়োগ করা হয়েছে। ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার মো. জাকির হোসেন এ পদে নিয়োগ পেয়েছেন। বৃহস্পতিবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে। নানা বিতর্কিত কর্মকাণ্ডের কারণে সম্প্রতি মন্ত্রীর সাবেক এপিএস মন্মথ রঞ্জন বাড়ৈকে এ পদ থেকে অব্যাহতি দেয়া হয়। নবনিযুক্ত এপিএস মো. জাকির হোসেন ইতিপূর্বে শিক্ষামন্ত্রীর ব্যক্তিগত সহকারী হিসেবে কাজ করেছেন।